**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 2↵12-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, চলতি ২০২৫ সালে দেশে এমন অনেক মুহূর্ত এসেছে, যার জন্য প্রত্যেক ভারতীয় গর্বিত।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'মন কি বাত' রেডিওর মাধ্যমে দেশের প্রত্যন্ত কোণে পৌঁছে যাচ্ছে, যা জনসংযোগ এর জন্য একটি শক্তিশালী প্ল্যাটফর্ম গড়ে তুলতে সক্ষম হয়েছে l**

**(৩) বিধানসভার অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধু সেনের শেষকৃত্য আজ দুপুরে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হয়েছে।**

**************************************************

**MAAN KI BAAT :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, চলতি ২০২৫ সালে দেশে এমন অনেক মুহূর্ত এসেছে, যার জন্য প্রত্যেক ভারতীয় গর্বিত। আজ মন কি বাত-এর ১২৯তম পর্বে প্রধানমন্ত্রী বলেন, জাতীয় নিরাপত্তা থেকে শুরু করে ক্রীড়াক্ষেত্র, বিজ্ঞান ও প্রযুক্তির মতো ক্ষেত্রে ভারত বিশ্বের মধ্যে বলিষ্ঠতার ছাপ রেখেছে। এই বছরের অপারেশন সিঁদুর ভারতীয়দের জন্য গর্বের প্রতীক হয়ে উঠেছে। বিশ্ব স্পষ্টভাবে দেখেছে, আজকের ভারত তাঁর নিরাপত্তার সাথে আপোষ করে না।

প্রধানমন্ত্রী শ্রী মোদী ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিকেল রিসার্চ প্রকাশিত রিপোর্টের উল্লেখ করে বলেন, নিউমোনিয়া ও ইউ টি আই-এর মত একাধিক রোগের বিরুদ্ধে এন্টিবায়োটিক ওষুধ ক্রমশ দুর্বল হয়ে পড়ছে। এটি সবার জন্য অত্যন্ত উদ্বেগজনক। তিনি বলেন, এর বড় কারণ হলো চিন্তা ভাবনা না করেই অ্যান্টিবায়োটিক ওষুধ সেবন করা। চিকিৎসকের পরামর্শ নিয়েই এন্টিবায়োটিক ওষুধ সেবন করা উচিত বলে তিনি উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী জানান, ২০২৫ সাল বিশ্বাস, সংস্কৃতি এবং দেশের অনন্য ঐতিহ্য একত্রিত হয়েছিল। বছরের শুরুতে প্রয়াগরাজ মহাকুম্ভ মেলা সমগ্র বিশ্বকে অবাক করে দিয়েছে। বছরের শেষে অযোধ্যার রাম মন্দিরে পতাকা উত্তোলন অনুষ্ঠান প্রতিটি ভারতীয়কে গর্বিত করেছে। স্বদেশীয়ানার প্রতি মানুষের উৎসাহও স্পষ্টভাবে চোখে পড়েছে। শ্রী মোদী উল্লেখ করেন, ইচ্ছে থাকলেই, উপায় হয়। কথাটি আবারও সত্য প্রমাণিত করেছেন মণিপুরের যুবক, মইরাংথেম শেঠ। মণিপুরের যে অঞ্চলে শ্রী মইরাংথেম থাকতেন, সেখানে বিদ্যুতের সমস্যা ছিল। তিনি সৌরশক্তিতে এই সমস্যার সমাধান খুঁজে পেয়েছিলেন। শ্রী মইরাংথেম, সৌর প্যানেল স্থাপনের জন্য এক অভিযান শুরু করেছিলেন। এর ফলে ঐ এলাকার শত শত বাড়িতে সৌরশক্তি পৌঁছেছে। শ্রী মোদী জানান, প্রধানমন্ত্রী সূর্য ঘর মুফত বিজলী যোজনা-র আওতায়, সরকার প্রতিটি সুবিধাভোগী পরিবারকে সৌর প্যানেল স্থাপনের জন্য প্রায় ৭৫,000 থেকে ৮0,000 টাকা প্রদান করছে।

প্রধানমন্ত্রী মণিপুরের চুরাচাঁদপুরের মার্গারেট রামথারসিয়েম -এর হস্তশিল্প, বাঁশ ও কাঠ দিয়ে বিভিন্ন সামগ্রী তৈরি করে ৫0 জনেরও বেশি শিল্পীর রুটিরুজির সুযোগ সৃষ্টির প্রশংসা করেন। সেইসাথে জানান, মণিপুরের সেনাপতি জেলার বাসিন্দা চোখোনে ক্রিচেনা কৃষিকাজের অভিজ্ঞতাকে সঙ্গী করে ফুলচাষকে বেছে

নিয়েছেন। তিনি এই কাজের মাধ্যমে বিভিন্ন বাজারের সঙ্গে যুক্ত হয়েছেন এবং স্থানীয় সম্প্রদায়কেও ক্ষমতায়িত করেছেন।

শ্রী মোদী বলেন, ২০২৬ সালে নতুন আশা এবং নতুন সংকল্প নিয়ে এগিয়ে যাওয়ার জন্য সমগ্র দেশ প্রস্তুত।

############BYTE-PM################

************************

**CM- Maan ki Baat :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সিমনার হেজামারা কমিউনিটি হলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মন কি বাত অনুষ্ঠান শোনেন। পরে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'মন কি বাত' রেডিওর মতো ঐতিহ্যবাহী মাধ্যমে দেশের প্রত্যন্ত কোণে পৌঁছে যাচ্ছে, যা জনসংযোগ এর জন্য একটি শক্তিশালী প্ল্যাটফর্ম গড়ে তুলতে সক্ষম হয়েছে |তাছাড়া, এর মাধ্যমে সাধারণ নাগরিকদের সাথে সরাসরি যোগাযোগ করা, সামাজিক বিষয়গুলিতে যেমন স্বচ্ছতা, নারী ক্ষমতায়ন, স্বনির্ভর ভারত, সচেতনতা বৃদ্ধি করা সম্ভব হচ্ছে |

************************

**B.B. SEN :**

রাজ্য বিধানসভার অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধু সেনের শেষকৃত্য আজ দুপুরে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হয়েছে। আজ সকাল দশটা নাগাদ বিশ্ববন্ধু সেনের মরদেহ ধর্মনগরে জয়হিন্দ রোডের নিজ বাড়ি থেকে নিয়ে যাওয়া হয় রামঠাকুর আশ্রমে। এরপর পদ্মপুরে বিজেপি`র উত্তর জেলা কার্যালয়ে শেষ শ্রদ্ধা জানান

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা ও বিজেপি নেতৃবৃন্দ। গোল্ডেন ভ্যালি স্কুলে মাঠে সাধারণ জনগণ শেষ শ্রদ্ধা জানান। ধর্মনগর শ্মশানঘাটে জেলা পুলিশ প্রশাসনের পক্ষ থেকে গান স্যালুট দেয়া হয়। উপস্থিত ছিলেন মন্ত্রী সান্তনা চাকমা, বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী রায়, বিধায়ক বিনয় ভূষণ দাস ও যাদব লাল নাথ, জেলাশাসক চাঁদনী চন্দ্রন, ভারপ্রাপ্ত পুলিশ সুপার সুধাম্বিকা আর, বিজেপি উত্তর জেলা সভাপতি কাজল দাস প্রমূখ।

************************

**Package story on Building the New India :**

২০২৫ যেন ভারতে বিকাশ অভিযাত্রার এক নতুন দিগন্ত উন্মোচনের ঠিকানা লেখা সময়| রেলপথ থেকে সড়ক অসামরিক বিমান পরিবহন থেকে সামুদ্রিক নিরাপত্তা, সবদিকেই পরিকাঠামো বিকাশে দুনিয়াকে চমকে দিয়েছে ভারত| ডিজিটাল ক্ষেত্রেও অনবদ্য অগ্রগতি দেশের ছবি বদলে দিয়েছে দুনিয়ার সামনে| শুনুন বছর শেষের মুখে এই প্রতিবেদন |

############v/o#############

***********************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যের সার্বিক উন্নয়নে প্রবাসী ত্রিপুরাবাসীদের সহযোগিতা ও অংশগ্রহনের উপর গুরুত্ব আরোপ করেছেন| আজ আগরতলায় একটি বেসরকারি হোটেলে প্রবাসী ত্রিপুরাবাসী সামিটে অংশগ্রহণ করে একথা বলেন তিনি। প্রবাসী ত্রিপুরাবাসীদের উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী বলেন, নতুন ত্রিপুরা গড়ার স্বপ্ন বাস্তবায়িত করতে বড় কান্ডারী হচ্ছেন

আপনারা। তিনি ত্রিপুরার প্রাকৃতিক সম্পদ কাজে লাগিয়ে শিল্প গড়ার ক্ষেত্রে প্রবাসীদের ভূমিকা নেওয়ার আহ্বান জানান ।এই সামিটে ৭৫ জন প্রবাসী ত্রিপুরাবাসী অংশগ্রহণ করেন।

*********************

**Condolance of Speaker late BB Sen :**

বিজেপি গোমতী জেলা কমিটির উদ্যোগে আজ উদয়পুরে ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধু সেন -এর শ্রদ্ধাঞ্জলি সভা অনুষ্ঠিত হয়। বিজেপি`র জেলা কার্যালয়ে অনুষ্ঠিত সভায় প্রয়াতের প্রতিকৃতিতে মাল্যদান ও এক মিনিট নীরবতা পালন করা হয়।

উপস্থিত ছিলেন বিধায়ক রামপদ জমাতিয়া, অভিষেক দেবরায় ও জিতেন্দ্র মজুমদার, জেলা সভানেত্রী সবিতা নাগ প্রমুখ।

**********************

**Atal Smriti Sammelan :**

দেশের ভূতপূর্ব প্রধানমন্ত্রী ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ীর ১০১ তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আজ BJP'র চন্ডীপুর মন্ডল কমিটির উদ্যোগে অনুষ্ঠিত হয় "অটল স্মৃতি সন্মেলন"।

কৈলাশহরের ছনতৈল স্কুল মাঠে আয়োজিত এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়।

অনুষ্ঠানে BJP'র জেলা সভাপতি বিমল কর, মন্ডল সভাপতি পিন্টু ঘোষ, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শম্পা দাস পাল প্রমুখ উপস্থিত ছিলেন |

সম্মেলনের শুরুতে রাজ্য বিধানসভার অধ্যক্ষ সদ্যপ্রয়াত বিশ্ববন্ধু সেন এর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়।

*************************

**Ex cm manik sarkar :**

গোমতী জেলার বাগমায় আজ ত্রিপুরা সভাসুন্দর উন্নয়ন সমিতির দশম রাজ্য সম্মেলন অনুষ্ঠিত হয় I এই উপলক্ষ্যে এক সমাবেশে প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার কেন্দ্রের জনবিরোধী নীতির সমালোচনা করেন | সমাবেশে উপস্থিত ছিলেন বিধায়ক সুদীপ সরকার, প্রাক্তন মন্ত্রী রতন ভৌমিক প্রমুখ৷

*********************

*********************